R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন ৪

৬৪শ বর্ষ
৪৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১লা চৈত্র, বুধবার, ১৩৮৪ সাল।
১৫ই মারচ, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## সাগরদীঘির বহু ঐতিহাসিক তথ্য আজও অনাবিষ্কৃত

সাগরদীঘি, ১৫ মারচ—পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার রাজ্যের বিভিন্ন স্থানে পুরাকীর্তির নিদর্শন আবিষ্কার ও সংরক্ষণে যখন তৎপরতা অবলম্বন করতে চলেছেন এবং বিভিন্ন এলাকায় খনন কার্য শুরু করেছেন, ঠিক তখনই এক বিশেষ চক্র সাগরদীঘির বিস্তীর্ণ এলাকা থেকে আবিষ্কৃত বহু মূল্যবান পুরাকীর্তির নিদর্শন লোপাট করে অন্যত্র পাচার করে লক্ষ লক্ষ টাকা কামিয়ে চলেছেন। সরকারের অবহেলা আর উদাসীনতায় সাগরদীঘির বহু ঐতিহাসিক তথ্য আজও অনাবিষ্কৃত। এ সম্পর্কে গবেষণারত স্থানীয় ব্যক্তিরা সরকারের কাছে বহু আবেদন নিবেদন করেও কোন ফল পাননি। এ পর্যন্ত যা আবিষ্কৃত হয়েছে সবই বেসরকারী উদ্যোগে। সাগরদীঘি, চন্দনবাটী, পোপাড়া, খেরুর, মনিগ্রাম, জালবান্ধা, বিষ্ণুপুর, খিনোদবাটী প্রভৃতি এলাকায় এ পর্যন্ত ব্যক্তিগতভাবে কিছু খনন কার্য চালাবার সময় বেশ কিছু প্রাচীন দেবদেবীর মূর্তি আবিষ্কার হয়েছে। এর মধ্যে চন্দনবাটীর শিব, বিষ্ণুমূর্তি, বিষ্ণুপুরের স্বর্ণমুদ্রা, মনিগ্রামের কয়েকটি শব, চন্দনবাটীর বিশ মণ ওজনের অর্ধভগ্ন শিবলিঙ্গ রয়েছে। আর একটি মূর্তি বর্তমানে সাগরদীঘি

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## জাল কারবারের নথীপত্র উধাও

ফরাক্কা ব্যারেজ, ১৫ মারচ—জেনারেল ম্যানেজারের কাছ থেকে তলবী নোটিশ পাবার আগেই ফরাক্কা বাঁধ প্রকল্পের কোন কোন অফিসের সারভিস বুক থেকে পুলিশ ভেরিফিকেসন রোল এবং সারভিস বুক-এর পাতা খোয়া গিয়েছে বলে খবর পাওয়া গিয়েছে। প্রায় ৫০ জন জাল সারটিফিকেটধারী এ কাজ করেছেন বলে অভিযোগ। ফলে সকলকে নোটিশ দেওয়া সম্ভব হয়নি, মাত্র ২০ জনকে দেওয়া হয়েছে। অনেকের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেসন রোলে 'টেমপারড' কথাটি লেখা আছে। এ বিষয়েও তদন্তের দাবি উঠছে। এবং সকরিগলি ও আইহো-মুচিয়া স্কুলের মূল সারটিফিকেট দাখিলে বাধ্য করার দাবিও উঠছে।

## অরঙ্গাবাদ পরিস্থিতি : তিনটি মামলা রুজু

অরঙ্গাবাদ, ১৫ মারচ—অরঙ্গাবাদ ডি এন কলেজের অধ্যাপক তপন চৌধুরীকে গ্রেপ্তারের প্রতিবাদে এখানে যে পরিস্থিতির উদ্ভব হয়েছে, ১০ মারচ প্রশাসনের পক্ষ থেকে মানবিক অধিকার রক্ষা সমিতির বিরুদ্ধে তিন তিনটি মামলা রুজুর ফলে তা আরো ঘোরালো হয়েছে। দণ্ডবিধির ৪৪৮/৪২৭ ধারায় একটি মামলায় অভিযুক্ত হয়েছেন রবি চক্রবর্তী নামে একজন ছাত্র। ৬ ফেব্রুঃ বিডিও অফিসে মহকুমা শাসককে ঘেরাওয়ের দিন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার অভিযোগ আনা হয়েছে তাঁর বিরুদ্ধে। দ্বিতীয় মামলাটি কলেজের দু'জন অধ্যাপক এবং একজন ছাত্রের বিরুদ্ধে ৩৪১/৩২৩ ধারায়। সুতী ২নং ব্লকের বিডিও এম আর পত্রনবীশ অভিযোগ করেছেন, ঘেরাওয়ের সময় তাঁর মেয়ে মুক্তা পত্রনবীশ বাড়ির ঝি দুর্গামণি দাসীর সঙ্গে টিফিন ক্যারিয়ারে করে

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ৪ ১২ কোটি টাকার জলনিকাশী প্রকল্প

বিশেষ প্রতিনিধি : পাগলা ও বাঁশলই নদীর প্লাবিত এলাকার জল নিষ্কাশনের জন্য ফরাক্কা বাঁধ কর্তৃপক্ষ ৪·১২ কোটি টাকার একটি প্রকল্প তৈরী করেছেন। প্রকল্পটি এখন অনুমোদনের পথে। ৬ মারচ লোকসভার অধিবেশনে জঙ্গিপুরের সংসদ সদস্য শশাঙ্কশেখর সান্যালের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় কৃষি ও সেচমন্ত্রী সুরজিৎ সিং বারনালা এ তথ্য জানিয়েছেন। শশাঙ্কবাবু ফরাক্কা ফীডার ক্যানেল সন্নিহিত বিস্তীর্ণ এলাকার জল নিষ্কাশনের ব্যাপারে সংসদে প্রশ্নটি রেখেছিলেন।

**তাপবিদ্যুৎ কেন্দ্র :** ফরাক্কায় প্রস্তাবিত তাপবিদ্যুৎ কেন্দ্র কবে অনুমোদন লাভ করবে এবং অনুমোদন লাভে এত দেরী হওয়ার কারণ কি সংসদ সদস্য চিত্ত বসু এবং শশাঙ্কবাবুর দৃষ্টি আকর্ষণী প্রশ্নের উত্তরে শক্তিমন্ত্রী পি রামচন্দ্রন

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## টেপ হস্তান্তরিত

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর ব্যারেজের অনৈক সহকারী বাস্তুকারের 'অবৈধ লেনদেন' সংক্রান্ত গোপন টেপটি ৮ মারচ ফরাক্কা ভিজিলেনস অফিসারের হাতে তুলে দেওয়া হয়েছে বলে গোপন সূত্র থেকে জানা গেছে। জানুয়ারী মাসে জঙ্গিপুর সংবাদে 'কারচুপির অভিযোগ' শিরোনামায় প্রকাশিত একটি সংবাদে ওই টেপের কথা জানা যায়। প্রকাশ, একজন ঠিকাদারের সঙ্গে অবৈধ কাজের লেনদেনের বিষয়ে কথাবার্তা বলার সময় সংশ্লিষ্ট সহকারী বাস্তুকারের কণ্ঠস্বর টেপ রেকরডারে ধরে রাখেন ইউনাইটেড ট্রেডারস্ কোম্পানী নামে একটি ঠিকাদারী সংস্থা। ভিজিলেনস অফিসারের নির্দেশে সংস্থার আইনজীবী ৮ মারচ সেই গোপন টেপটি হস্তান্তর করেন তদন্তের সুবিধার জন্য।

## নবদম্পতি ধৃত

রঘুনাথগঞ্জ, ১৪ মারচ—লালগোলা থানার দুর্গাপুর গ্রাম থেকে রেবতী দেবী নামে এক তরুণীকে বিয়ে করে বাড়ি ফেরার পথে উত্তরপ্রদেশের তুলসীপুর এলাকার পাত্র গতকাল রঘুনাথগঞ্জ পুলিশের হাতে ধরা পড়েছে। জঙ্গিপুর রোড ষ্টেশনে ট্রেনে ওঠার আগে নববধূ কান্নাকাটি শুরু করে। বলে, তার জেঠতুতো দাদা জোর করে তার বিয়ে দিয়েছে। এই অভিযোগের ভিত্তিতে পুলিশ পাত্রসহ দু'জনকে গ্রেপ্তার করে। নববধূকেও পুলিশ হেফাজতে রাখা হয়েছে। খবরটি পুলিশ সূত্রের।

আপনার গৃহসজ্জায় অনুপম সৌন্দর্য্যের জন্য যুগান্তকারী একটি নাম—
গোদরেজ

আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরা আপনার ঘরে গোদরেজের আলমারী, রিফ্রেজেটর, চেয়ার টেবিল নামমাত্র খরচে পৌঁছে দেব॥

অনুমোদিত পরিবেশক
মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ
বোলপুর ★ বীরভুম
পিন : ৭৩১২০৪
ফোন নং ২৪১

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১লা চৈত্র বুধবার, সন ১৩৮৪ সাল

## ক্ষমাহীন

প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী-দিগকে সরকারী ব্যবস্থাপনায় জল-যোগের জন্য পাউরুটি দেওয়ার ব্যবস্থা হইয়াছে। নিশ্চয়ই ইহা একটি প্রশংসনীয় উদ্যোগ। শিশুদের অপুষ্টি এই রাজ্যের দগ্ধভালে লিখিত আছে। অতিক্রান্ত শৈশবকাল কৈশোর ও যৌবনে উপনীত হয় জবুথবু হইয়া। দেহের পূর্ণবিকাশ শতকরা নব্বই-জনেরই দেখা যায় না। শহরাঞ্চলের কথা ছাড়িয়া দিয়া গ্রামীণ অঞ্চলের ক্ষেত্রে নিশ্চিতভাবে বলা যায় যে, সেখানকার প্রাথমিক বিদ্যালয়ের ৭৫% ছাত্র-ছাত্রী বিদ্যালয়ে একবেলা না খাইয়া কাটায়। দিনের শেষে বাড়ী ফিরিয়া একবার পূর্ণ আহার পায়। অভ্যস্ত অর্দ্ধাহারে তাহাদের শারীরিক বৃদ্ধি বেশীর ভাগ ক্ষেত্রেই ব্যাহত হয়। সুতরাং প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য পাউরুটি দেওয়ার ব্যবস্থায় কচি মুখগুলিতে একটু হাসি ফুটিবে বৈকি, বিশেষতঃ গ্রামাঞ্চলে।

নীতি নিশ্চয়ই ভাল। কিন্তু নীতিকে বাস্তবায়িত করিবার ভার যাঁহাদের উপর ন্যস্ত থাকে, তাঁহারা যদি কিঞ্চিৎ নীতিজ্ঞানসম্পন্ন না হন, তবেই অস্বস্তির কথা। প্রায়শঃ দেখা যায়, বরাদ্দমাফিক রুটি আসিল; কিন্তু সে রুটি মানবসন্তানদের খাদ্য বলিতে বাধে। নিকৃষ্ট ময়দায় তৈয়ারী রুটির স্বাদ-গন্ধ-খাদ্যগুণ শরীরের পক্ষে চরম ক্ষতিকর। গত ৭ই মার্চ জঙ্গিপুর পৌরসভাধীন কোন প্রাথমিক বিদ্যালয়ে সরবরাহকৃত রুটির নমুনা সংগ্রহ করা হইয়াছিল। টাটকা রুটি, কিন্তু এক ঘণ্টার মধ্যে তাহা ইষ্টককঠিন হইল। রুটি ভাঙ্গিলে দেখা গেল অভ্যন্তর গৈরিকবর্ণ, আর দুর্গন্ধযুক্ত। বেকারীর মালিকদের বক্তব্য শোনা গেল, তাঁহারা সরকারী ঠিকাচুক্তি মাফিক মাল সরবরাহ করিয়াছেন। তবে কি বুঝিতে হইবে যে, সরকারী নির্দেশেই গুদামপচা ময়দায় তৈয়ারী এই রকম সুখাদ্য ও পুষ্টিকর বস্তু দিয়া অসংখ্য কচিদের স্বাস্থ্যরক্ষার ব্যবস্থা করা হইতেছে ?

পৌরসভার খাদ্য সংক্রান্ত পরিদর্শক থাকেন, গ্রামাঞ্চলে জনস্বাস্থ্য বিভাগ। তাঁহারা যদি খাদ্য নামধেয় এই বিচিত্র বস্তুটির নমুনা সংগ্রহ করিয়া যথাযোগ্য স্থানে প্রেরণ করিয়া আইনানুগ ব্যবস্থা অবলম্বনে সহায়তা করেন, তবে অনেকের ধন্যবাদভাজন হইবেন। শিশুরা একবেলা না খাইয়া বরং ধুঁকিতে থাকুক, জঠরজ্বালা সহিয়াও যতটুকু পারে পড়াশুনা করুক, অখাদ্য খাইয়া রোগাক্রান্ত হওয়া অপেক্ষা তাহা সহনীয়। পক্ষান্তরে অসহায় শিশুদের স্বাস্থ্যহানি, অন্যদিকে প্রশংসনীয় উদ্যোগের প্রচার-মহিমা—ক্ষমাহীন এই প্রয়াস সর্বৈব নিন্দনীয়

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### অভিনন্দন

জঙ্গিপুর সংবাদ কর্তৃপক্ষকে প্রথমেই অভিনন্দন জানাই 'উৎসব অনুষ্ঠানে মুর্শিদাবাদ' এই মূল্যবান বিভাগটির জন্য। শ্রীসত্যনারায়ণ ভকত জঙ্গিপুর সংবাদের অগণিত পাঠকবৃন্দের কাছে, মুর্শিদাবাদের উৎসব-অনুষ্ঠানের বিবরণ অত্যন্ত নিষ্ঠার সঙ্গে বহুদিন থেকে উপহার দিয়ে আসছেন, এজন্য শ্রীভকতকেও আন্তরিক ধন্যবাদ জানাই। স্বতন্ত্র কোনো পুস্তক থেকে আমরা মুর্শিদাবাদের লোকসংস্কৃতি সম্বন্ধে তেমন কিছুই জানতে পারি না। সম্প্রতি সমাপ্ত 'আদিবাসী সাঁওতালদের জাতীয় উৎসব সোহরাই' পড়ে খুব ভালো লাগলো। আমরা মুর্শিদাবাদের লোক হয়েও এ জেলার আদিবাসী জনসাধারণের অনেক উৎসব-অনুষ্ঠানের ব্যাপারে অনেক কিছুই জানি না। একমাত্র 'জঙ্গিপুর সংবাদ'-এর মাধ্যমেই আমরা, জেলার জনগণ, মুর্শিদাবাদের লোকসংস্কৃতি, ধর্ম ও উৎসব অনুষ্ঠান সম্বন্ধে বিস্তারিতভাবে জানতে পারছি। মুর্শিদাবাদের গ্রামে-গঞ্জে, আনাচে-কানাচে আরো অনেক উৎসব-অনুষ্ঠান, ধর্মীয় মেলা ছড়িয়ে রয়েছে, ক্রমশঃ বিস্তারিত জানতে পারব আশা করি। —সাধনকুমার দাস, ভৈরবটোলা ( লবণচোয়া ), মুর্শিদাবাদ।

**সংস্কৃতি মেলা ঃ** নির্ধারিত সংস্কৃতি মেলা অনিবার্য কারণে পক্ষকাল পিছিয়ে দেওয়া হলো। —সম্পাদক, মহকুমা সংস্কৃতি পরিষদ।

## জলনিকাশী প্রকল্প

( ১ম পৃষ্ঠার পর )

১ মার্চ লোকসভায় জানিয়েছেন. ন্যাশনাল থারমাল পাওয়ার কর্পোরেশনের তৈরী প্রোজেক্ট রিপোরট সেনট্রাল ইলেকট্রিসিটি অথরিটির কাছে পেশ করা হয়েছে আর্থিক এবং কারিগরী অনুমোদনের জন্য। ; তাঁরা ব্যয় নির্ধারণ করছেন। সেটা সম্পূর্ণ হলেই একটা সিদ্ধান্তে আসা যাবে।

**অন্তর্দেশীয় নৌপরিবহণ ঃ** কলকাতা—ফরাক্কা নৌপরিবহণের প্রশ্নে কেন্দ্রীয় নৌপরিবহণ মন্ত্রী চাঁদ রাম ৮ মার্চ শশাঙ্কবাবুকে জানিয়েছেন এলাহাবাদ এবং কলকাতার মধ্যে নৌপরিবহণ আর্থিকভাবে লাভজনক নয়; কিন্তু ফরাক্কা ও কলকাতার মধ্যে স্বল্প দূরত্বের নৌপরিবহণ লাভ-জনক। গবেষক সংস্থার এই মন্তব্যের ভিত্তিতে ফরাক্কা এবং হলদিয়ার মধ্যে অন্তর্দেশীয় নৌপরিবহণ প্রকল্প তৈরীর জন্য প্রাথমিকভাবে ১৯৭৮-৭৯ সালের বাজেটে এক লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। প্রোজেক্ট রিপোরট তৈরীর পর সমীক্ষা চালানো হবে।

**টেলিফোন এক্সচেঞ্জ ঃ** রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর শহরের দুটি টেলিফোন এক্সচেঞ্জকে এক করার বিষয়টি পুনরায় পরীক্ষা করে দেখা হবে বলে গত লোকসভার অধিবেশনে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এবারের অধিবেশনে শশাঙ্কবাবু সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করলে ২ মার্চ যোগাযোগ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী নরহরিপ্রসাদ সাই জানান, প্রাকৃতিক কারণে জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহর ভাগীরথী নদী কর্তৃক বিচ্ছিন্ন। দুই শহরের মধ্যে সংযোগ রক্ষাকারী কোন সেতু না থাকায় টেলিফোন এক্সচেঞ্জ দুটিকে এক করা সম্ভব নয়।

## অরঙ্গাবাদ পরিস্থিতি

( ১ম পৃষ্ঠার পর )

তাঁর এবং মহকুমা শাসকের জন্য দুপুরের খাবার নিয়ে আসার সময় অফিসে বাধা পায়। অভিযুক্ত তিনজন মুক্তার হাত থেকে টিফিন ক্যারিয়ারটি কেড়ে নেওয়ার চেষ্টা করেন। তখন মুক্তার বাঁ হাতের কড়ি আঙুল কেটে রক্ত ঝরে। তৃতীয় মামলাটি ঘেরাওয়ের জন্য। অভিযুক্তদের মধ্যে আছেন অধ্যক্ষ শ্রীকুমার আচার্য, ৬ জন অধ্যাপক, ১ জন শিক্ষক এবং ৪ জন শিক্ষিকা। তদন্তের দায়িত্ব ন্যস্ত হয়েছে বহরমপুর পুলের বিশেষ একজন পুলিশ অফিসারের ওপর। পরন্তু তদন্ত করে গিয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার। খবরগুলি পুলিশ সূত্রের। মানবিক অধিকার রক্ষা সমিতির পক্ষ থেকে জানানো হয়েছে যে, ৬ মার্চ মহকুমা শাসককে ঘেরাও করা হয়নি। বিডিও অফিসে তাঁর উপস্থিতিতে অবস্থান করা হয়েছিল।

## বহু ঐতিহাসিক তথ্য

( ১ম পৃষ্ঠার পর )

থানার লকআপে রয়েছে। কয়েক লক্ষ টাকা মূল্যের দুষ্প্রাপ্য নাককাটী মূর্ত্তিটি ( মূর্ত্তির নাকটি ভাঙ্গা বলে নাককাটী নামে পরিচিত ) আজ থেকে ক'ের বছর আগে কোন এক বিশেষ চক্রের হাতে পড়ে অদৃশ্য হয়েছে। এই মূর্ত্তিটির ছবি বহুদিন আগে প্রকাশিত একটি স্মারক গ্রন্থে প্রকাশ পায়। মূর্ত্তিটি উদ্ধারের কোন প্রচেষ্টা আজও পারলক্ষিত হয়নি। চেষ্টা হয়নি বছর তিনেক আগে দোহাল যোগপুর গ্রাম থেকে খোয়া যাওয়া শ্রীরাধিকা মূর্ত্তি উদ্ধারের। কিছুদিন আগে সাগরদীঘি থেকে চুরি যাওয়া আর একটি মূর্ত্তি আমেরিকার বোষ্টন মিউজিয়্যাম থেকে উদ্ধার করা হয়েছে। হালের খবর সেরুর গ্রামে একটি কুাবঘর খোঁড়ার সময় একটি মসৃণ ও কারুকার্যখচিত বিষ্ণুমূর্ত্তি উদ্ধার করা গেছে। মূর্ত্তিটি বর্তমানে জঙ্গিপুর ট্রেজারীতে সংরক্ষিত রয়েছে। এ ছাড়াও আরও বহু আবিষ্কারের কথা আমাদের অজানা রয়ে গেছে। ১৩৩৪ বঙ্গাব্দে চন্দনবাটীতে ব্যক্তিগত প্রয়াসে শুরু করা খননকার্য অর্থের অভাবে বন্ধ হয়ে যায়। সেই থেকে এই এলাকার কোন গ্রামে সরকারী বা বেসরকারী তরফ থেকে কোন খনন-কার্য চলেনি। স্থানীয় আগ্রহী গবেষকরা বার বার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন কিন্তু দৃষ্টি পড়েনি। দৃষ্টি পড়েনি অন্যান্য অঞ্চলেও। বিভিন্ন পত্র পত্রিকায় এ নিয়ে বহুবার কলমের খোঁচা মারা হয়েছে তবুও সরকারী আমলা বা মন্ত্রীদের 'কুম্ভকর্ণের নিদ্রা ভঙ্গ' হয়নি। বর্ত্তমানে রাজ্যের বামফ্রন্ট সরকার আবার এ নিয়ে উদ্‌যোগ শুরু করে সন্ধান চালাচ্ছেন বিভিন্ন অঞ্চলে। তাই স্থানীয় অধিবাসীদের দাবি সাগর-দীঘির বিস্তীর্ণ এলাকায় খননকার্য চালিয়ে পালযুগের ইতিহাস উদ্ধার করা হোক।

## কৃষি সংবাদ

# তিল ও চৈতালী মুগ

আলু, সরষে বা সবজী উঠে যাওয়ার পর আগামী আউস, পাট কিংবা আমন ধান লাগানোর আগে জমি ফেলে না রেখে তিল বা চৈতালী মুগের চাষ করুন।

### জেলার উপযোগী জাতঃ

| জাত | কতদিনে পাকে | একর প্রতি ফলন |
|---|---|---|
| তিল বি—৯ (বাদামী) | ৮৫—৯০ দিন | ২ কুঃ |
| বি—১৪ (কৃষ্ণ) | ৮৫—৯০ দিন | |
| বি—৬৭ (কালচে বাদামী) | ৭৫—৮০ দিন | ৩ কুঃ |
| মুগ বি—১ | ৬০—৬৫ দিন | ৩½ কুঃ |
| বি—১০৫ | ৫৫—৬০ দিন | ৪ কুঃ |
| টি—৪৪ | ৬০—৬৫ দিন | ৪ কুঃ |
| টি—৫১ | ৬৫—৭০ দিন | ৩½ কুঃ |

এক একরে তিলের বীজ লাগবে ৩ কেজি আর মুগ লাগবে ৬-৮ কেজি। তিলে সার দেবেন ১২ কেজি নাইট্রোজেন, ৮ কেজি ফসফরাস, ৮ কেজি পটাশ এবং চৈতালী মুগে ৪ কেজি নাইট্রোজেন ও ১৬ কেজি ফসফেট। আলুর জমিতে সার দেওয়ার প্রয়োজন হবে না। আলুর জমিতে মুগ লাগাবেন না। উভয় ক্ষেত্রে ফুল আসার সময় একবার সেচ দেবেন। বৃষ্টি হলে সেচ দেওয়ার দরকার হবে না। আরও বিস্তারিত জানবার জন্য আপনার সার্কেলের গ্রামসেবক। জুট ফিল্ড এ্যাসিষ্ট্যান্ট বা ব্লক কৃষি সম্প্রসারণ আধিকারিকের সঙ্গে যোগাযোগ করুন।

**মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক কর্তৃক প্রচারিত**

[ তথ্য ও জনসংযোগ দপ্তর কর্তৃক প্রেরিত ]

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অক্ষুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## গ্রাম্য সড়ক নির্মাণ

রঘুনাথগঞ্জ, ১৫ মার্চ—গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে বাইস্কা হতে নাইত-বৈদরা হয়ে সন্ন্যাসীডাঙা পর্যন্ত একটি গ্রাম্য রাস্তা 'মোরাম' দিয়ে তৈরী করা হবে। এর জন্য ২৯,৬৭৯ কেজি গম এবং ১,৯৬,৫১০ টাকা মঞ্জুর করা হয়েছে। এ ছাড়াও রঘুনাথগঞ্জ ১নং ব্লকের একটি পুকুর মাছ চাষের উপযোগী করে তোলা হবে। এর জন্য ৬,১২১ টাকার ব্যয়বরাদ্দ ধার্য হয়েছে। মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে খবরগুলি জানানো হয়েছে।

## আবার অনাহারে মৃত্যু

ধুলিয়ান, ১৫ মারচ—সামসেরগঞ্জ থানার শিবপুর চর এলাকা থেকে অনাহারে মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। গ্রামবাসীদের পক্ষ থেকে জানানো হয়েছে, নন্দকিশোর বিশ্বাস সম্প্রতি অনাহারে মারা গিয়েছেন। তাঁর স্ত্রী সুমিত্রা দেবী ভিক্ষাবৃত্তি গ্রহণ করে নিজেকে বাঁচাবার চেষ্টা করছেন। এলাকায় পানীয় জল এবং খয়রাতি সাহায্যের জন্য বার বার আবেদন করেও কোন ফল হয়নি। এখন আবার বসন্ত রোগের প্রাদুর্ভাব ঘটেছে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ বাঞ্ছনীয়।


### বিকো

ইলেকট্রিক মোটর ও

মোটর পাম্পসেট

ডিলার : **ঊষা হার্ডওয়ার ষ্টোর**

বাবুলবোনা রোড, বহরমপুর

মুর্শিদাবাদ







## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৮/৩/৭৮

ডিঃ কমলারঞ্জন গোস্বামী দেঃ পুষ্প দাসী দাবি ৪:৯৭০:পঃ ১নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে জেঠিয়া ৮৬ শতক জমি খং ৯৩ আঃ ৩০০৲ ২নং লাট মৌজাদি ঐ ১৪ শতক জমি খং ১০৫ আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ১৮ শতক জমি খং ১০৬ আঃ ১০০৲


### ক্যালকাটা সাইকেল ষ্টোর

( জগন্নাথের সাইকেলের দোকান )

**ফুলতলা** রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

*সবার প্রিয় চা—*

### চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।


To

**The Voters of Mirzapur D. P. High School.**

The election for the reconstitution of the Managing Committee of Mirzapur D. P. High School will be held according to the following revised programme.

1. Date of Publication of Provisional Voters' list is 17th March 1978 at 2 p. m.
2. Date of Submission of claims to and objection against inclusion of any name(s) is 24th March, 1978 by 2 p. m.
3. Date of Publication of Final Voters' list is 31st March, 1978 by 2 p. m.
4. Date of Submission of Nomination Papers is 10th April, 1978 by 2 p. m.
5. Date of Scrutiny of Nomination Papers is 11th April, 1978 by 2 p. m.
6. Date of Withdrawal of Nomination Papers is 12th April, 1978 by 2 p. m.
7. Date of Holding of Election of Members is 16th April, 1978 from 9 a. m. to 12 noon and if necessary from 1 p. m. to 4 p. m.

14. 3. 78 Sd/- Nanda Kumar Chowdhury

Signature of the Head of the Institution


### আপনার সৌন্দর্যকে ধ'রে রাখা কি কষ্টকর?

একেবারেই না—যদি বসন্ত মালতী আপনার প্রতিদিনের সঙ্গী হয়। লানোলিন, চন্দন তেল ও নানান উপাদানে সমৃদ্ধ বসন্ত মালতী আপনার ত্বকের সব রকম ক্ষয় রোধ করে। ত্বকের ছিদ্রপথগুলি বন্ধ হ'য়ে গেলে ত্বকের পক্ষে তা'র খাদ্য গ্রহণ করা সম্ভব হয় না। তাই ক্রমে ত্বক শুকিয়ে আপনার সৌন্দর্য ম্লান ক'রে দেয়। বসন্ত মালতীর ব্যবহারে ত্বকের ছিদ্রপথগুলি খোলা থাকে, আর ত্বক তা'র উপযুক্ত খাদ্য গ্রহণ করতে পেরে আপনার সৌন্দর্যের কমনীয়তা বহু বছর ধ'রে অক্ষুণ্ণ রাখতে সমর্থ হয়। বসন্ত মালতীর সুগন্ধ সারাদিন ধ'রে আপনার মনে এক অপূর্ব মূর্ছনা জাগায়।





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।